

## জাৰি প্রশাসন ও শিক্ষক সমিতির দ্বন্দ্ব ফেৰ জটিল রূপ নিচ্ছে

জাৰি সংবাদদাতা ৷ বিভিন্ন দাবিতে জাহাজীৰনপৰ বিশ্ববিদ্যালয় প্রশাসন এবং শিক্ষক সমিতির দ্বন্দ্ব ফেৰ জটিল রূপ ধারণ করছে। একদিকে শিক্ষক সমিতির দাবি অমান্য করে বিভিন্ন পৰ্বদেব নিৰ্বাচনের আগে তড়িৎকি করে শিক্ষক নিৰ্বাচন সিডিকেট আহ্বান, অন্যদিকে আন্দোলনকারী বিএনপির মধ্যস্থতার শিক্ষকদের বাদ দিয়ে জেট সরকারের বৰ্ষপূর্তি অনুষ্ঠান উদযাপনের ফলে জামায়াত ফেৰা প্রশাসন ও বিএনপি নেতৃত্বাধীন শিক্ষক সমিতির

মধ্যে দূরত্ব কৃষ্টি পেয়েছে। এ অবস্থায় আজ শনিবার অনুষ্ঠিতব্য শিক্ষক সমিতির কার্যনির্বাহী কমিটির বৈঠকে

### শিক্ষক সমিতির কার্যনির্বাহী কমিটির বৈঠক আজ

পূজার ছুটিস পর লাগাতার কর্মবিবর্তিসহ যে কোন কঠোর কর্মসূচী গৃহীত হতে পারে বলে শিক্ষক নেতৃবৃন্দ সত্রে জানা গেছে। শিক্ষক সমিতির ১১ দফা দাবির মধ্যে প্রচুরের অপসারণ ও বিভিন্ন পৰ্বদেব নিৰ্বাচনের সময়সূচী সোহগার পর গত ১ অক্টোবর শিক্ষক সমিতির কার্যনির্বাহী বৈঠকে আগামী ২৩ অক্টোবর পর্যন্ত আন্দোলন কর্মসূচী স্থগিত করে। তবে এ সময়েও মধ্যে উপাচার্য প্যানেল নিৰ্বাচনের তারিখ ঘোষণা বিভিন্ন

পৰ্বদেব নিৰ্বাচনের পূর্বে কোন রকম প্রশাসনিক নিয়োগের উদ্দেশ্যে সিডিকেট না ডাকা এবং নিৰ্বাচনের সময়সূচী এগিয়ে আনার দাবি উত্থাপন করে শিক্ষক সমিতি। কিন্তু প্রশাসন শিক্ষক সমিতির দাবি অগ্রাহ্য করে রীতি বহির্ভূতভাবে বিভাগীয় চেয়ারম্যানের অনুপস্থিতিতে পূজার ছুটির মাঝে আন্তর্জাতিক সম্পর্ক বিভাগে উপাচার্য সমর্থক ২ জন অস্থায়ী প্রভাষকের নিয়োগ চূড়ান্ত করেছে। পণিত বিভাগেও অস্থায়ী

প্রভাষক পদে ২ জনের নিয়োগ চূড়ান্ত করা হয়েছে। এ ছাড়া আজ শনিবার নিগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ৩টি অস্থায়ী প্রভাষক পদে এবং

আগামী ২১ অক্টোবর ইংরেজী বিভাগে ১টি স্থায়ী সহকারী অধ্যাপক/অস্থায়ী প্রভাষক পদে নিয়োগের জন্য সিডেকেশন কমিটির বৈঠকে ডেকেছে। প্রশাসন সেই সত্রে এ সমস্ত নিয়োগ চূড়ান্ত করতে আগামী ২৩ অক্টোবর সিডিকেটের সভা আহ্বান করেছে।

অপরদিকে উপউপাচার্য অধ্যাপক ইমানউদ্দিন এ ব্যাপারে বলেন, শিক্ষক সমিতির উত্থাপিত দাবির যৌক্তিক অংশ মেনে নিয়েছে প্রশাসন। অব সমস্ত নিয়োগ প্রক্রিয়া রীতিসম্মত উপায়ে অনুষ্ঠিত হচ্ছে।